

জয়েন্ট ফোরাম অফ পি এন বি ইউনিয়নস, পশ্চিম বঙ্গ
১৮এ, ব্রাবোর্ণ রোড কলকাতা - ৭০০ ০০১

সকল কর্মচারীদের জন্য

০৭/০৬/২০১৭


সার্থী,

কলকাতা শহরে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক কর্তৃপক্ষের একাধিক লাভজনক শাখা বন্ধের সিদ্ধান্তের বিরুদ্ধে এবং শাখায় শাখায় কর্মচারী/আধিকারিকদের অনুমোদিত পদের ব্যাপক বিলুপ্তিকরনের বিরুদ্ধে আন্দোলনের প্রেক্ষিতে আমরা বিগত দিনগুলিতে নিম্নলিখিত কর্মসূচী পালন করেছি।

- ৩০শে মে ২০১৭ তারিখে বিকেল ৫-৩০মিনিটে ব্রাবোর্ণ রোড শাখায় বিশেষ সাধারণ সভার আয়োজন এবং কর্মচারীদের ব্যাপক স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও বিক্ষোভ সমাবেশ।
- ২রা জুন ২০১৭ তারিখে বিকেল ৫-৩০মিনিটে সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী কলকাতা সার্কেল অফিসে জমায়েত, বিক্ষোভ সমাবেশ এবং সার্কেল হেডকে ডেপুটেশন প্রদান।
- ৫ই জুন ২০১৭ তারিখে বিকেল ৫টায় যে সকল শাখাগুলি বন্ধের সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে এবং যে সমস্ত শাখাগুলিতে কর্মচারী/আধিকারিকদের অনুমোদিত পদের বিলুপ্তিকরন ঘটানো হয়েছে সে সকল শাখায় শাখা প্রবন্ধকদের কাছে ডেপুটেশন দেওয়া হয়েছে।
- ৬ই জুন ২০১৭ কলকাতাস্থিত জোনাল ম্যানেজারের অফিস সন্নিহিতে বিশাল জমায়েত, বিক্ষোভ সমাবেশ এবং জোনাল ম্যানেজারকে ডেপুটেশন প্রদান।


সার্থী শাখা বন্ধ এবং কর্মচারী সংকোচনের সিদ্ধান্তের বিরুদ্ধে কর্মচারী ক্ষোভের ব্যাপকতা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। আমরা যৌথভাবে এ বিষয়ে আগামী ৯ই জুন ২০১৭ তারিখে টিফিন টাইমে সমস্ত শাখায় সমস্ত কর্মচারীদের নিয়ে গেট ডেমনস্ট্রেশন এবং আগামী ১২ই জুন কলকাতা সার্কেলের সমস্ত শাখায় কালো ব্যাজ পরিধান করার আহ্বান জানাচ্ছি।


আমাদের দৃঢ় বিশ্বাস কর্মচারী আন্দোলনের ইতিহাসে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সর্বস্তরের কর্মচারীদের এই অংশগ্রহন সুদূরপ্রসারী ভূমিকা গ্রহন করবে। আসুন সবাই মিলে জোট বেধে কর্তৃপক্ষের এই স্বৈরাচারী ভূমিকার বিরুদ্ধে তীব্র প্রতিরোধ গড়ে তুলি।


পিনকেশ মুখা

পি এন বি
শ্রমিক ইউনিয়ন

পি এন বি স্টাফ
ইউনিয়ন


পি এন বি প্রগ্রেসিভ
এমপ্লয়ীজ ইউনিয়ন


পিএনবি এমপ্লয়ীজ
কংগ্রেস